R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

এভারেষ্ট
এ্যাসবেসটস শীট
বৈশিষ্ট্যতায় ভরা, কয়েক দশক ধরে সকলের প্রিয়।
মহকুমার একমাত্র পরিবেশক—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোনন ং—৪

৬৩শ বর্ষ
৩৭শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২৬শে মাঘ, বুধবার, ১৩৮৩ সাল।
৯ই ফেব্রুয়ারী, ১৯৭৭ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৬৲, সডাক ৭৲

## জেলায় ভোট গ্রহণ কেন্দ্র সাতটি বাড়লো একটি কমলো

বহরমপুর, ৫ ফেব্রুয়ারী—জেলার তিনটি লোকসভা কেন্দ্রে আরো সাতটি ভোট গ্রহণ কেন্দ্র বাড়ানো হল এবং একটি কমানো হল। ফলে এখন ভোট গ্রহণ কেন্দ্রের সংখ্যা ১৯১৫ থেকে বেড়ে ১৯২১-এ দাঁড়ালো। বাড়লো ৮নং জঙ্গিপুর লোকসভা কেন্দ্রের ৫৩ সাগরদীঘি (তপঃ) বিধানসভা কেন্দ্রে একটি এবং ৫৭ নবগ্রাম বিধানসভা কেন্দ্রে একটি; ৯নং মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্রের ৫৮ মুর্শিদাবাদ বিধানসভা কেন্দ্রে একটি, ৬০ ডোমকল বিধানসভা কেন্দ্রে একটি এবং ৬২ হরিহরপাড়া বিধানসভা কেন্দ্রে দু'টি; ১০নং বহরমপুর লোকসভা কেন্দ্রের ৬৫ কান্দী বিধানসভা কেন্দ্রে একটি। কমেছে মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্রের ৫৫ লালগোলা কেন্দ্রে একটি। এখানে ৭৮টি ভোট গ্রহণ কেন্দ্র, একটি কমিয়ে করা হয়েছে ৭৭টি। আজ এখানে এক সাংবাদিক বৈঠকে মুর্শিদাবাদের জেলা শাসক নারায়ণস্বামী রামজী এ খবর দেন। তিনি আরো জানান, ১৯২১টি কেন্দ্রে ভোট গ্রহণের জন্য ব্যক্তিগত সাড়ে আট হাজার এবং ৬০০ ভারী যানবাহনকে কাজে লাগানো হবে। ব্যাঙ্কের কর্মচারীসহ রাজ্য ও কেন্দ্রীয় সরকারী কর্মচারী এবং কলেজ ও স্কুলের শিক্ষকদেরও ভোট গ্রহণের জন্য নিয়োগ করা হতে পারে।

৮নং জঙ্গিপুর লোকসভা কেন্দ্রের বিস্তারিত বিবরণ গত সপ্তাহের জঙ্গিপুর সংবাদে প্রকাশিত হয়েছে। এবার যে যে বিধানসভা কেন্দ্র নিয়ে ৯নং মুর্শিদাবাদ ও ১০নং বহরমপুর লোকসভা কেন্দ্র গঠিত হয়েছে সেগুলির নাম দেওয়া হল। মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্রে সাতটি বিধানসভা কেন্দ্র অন্তর্ভুক্ত হয়েছে : ৫৫ লালগোলা, ৫৬ ভগবানগোলা, ৫৮ মুর্শিদাবাদ, ৫৯ জলঙ্গী, ৬০ ডোমকল, ৬২ হরিহরপাড়া এবং নদীয়া জেলার ৬৯ করিমপুর। বহরমপুর লোকসভা কেন্দ্র গঠিত হয়েছে ৬১ নওদা, ৬৩ বহরমপুর, ৬৪ বেলডাঙা, ৬৫ কান্দী, ৬৭ বড়াঞা, ৬৮ ভরতপুর এবং বর্ধমান জেলার ২৮২ কেতুগ্রাম (তপঃ) বিধানসভা কেন্দ্রগুলি নিয়ে।

## লালগোলা-শিয়ালদহ লাইনে নতুন একস্প্রেস, মোরগ্রামে ওভার ব্রীজ, ১ এপ্রিল থেকে গনকরে গয়া থামবে

বিশেষ প্রতিনিধি, ৯ ফেব্রুয়ারী—এপ্রিল মাসের ১ তারিখ থেকে লালগোলা—শিয়ালদহ লাইনে একটি নতুন একস্প্রেস ট্রেন চালু হচ্ছে। লালগোলা থেকে শিয়ালদহ পৌছতে একস্প্রেসটির সময় লাগবে মাত্র সাড়ে তিন ঘণ্টা। লালগোলা ছাড়বে সকাল ৬টায়, শিয়ালদহ পৌছবে সকাল ৯-৩০ টায়; শিয়ালদহ ছাড়বে সন্ধ্যা ৬টায়, লালগোলা পৌছবে রাত্রি ৯-৩০ টায়। একস্প্রেসটি থামবে জিয়াগঞ্জ, বহরমপুর কোরট রোড, বেলডাঙ্গা,

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## আন্তর্জাতিক দল আসছেন বসন্ত তদন্তে

নিজস্ব প্রতিনিধি, ৯ ফেব্রুয়ারী—আগামী এপ্রিল মাসে ইনটারন্যাশনাল কমিশন জঙ্গিপুর মহকুমায় আসছেন বসন্ত রোগ সম্পর্কে তদন্ত করতে। তাঁরা স্বাস্থ্য দপ্তরে এসে নথীপত্র ঘেঁটে ঘোষণা করবেন : জঙ্গিপুর মহকুমায় আর বসন্ত রোগ নাই। সেই ঘোষণার পর থেকে বাইরে যেতে গেলে আর ভ্যাকসিনেসন সারটিফিকেট দরকার হবে না। ১৯৭৬ সালে মহকুমার গ্রামাঞ্চলে এবং দুটি পুরসভা এলাকায় (ধুলিয়ান ও জঙ্গিপুর) দু'বার করে তল্লাসি হয়েছে, গুটি বসন্তের রোগী কোথাও পাওয়া যায়নি। গত সপ্তাহে এক সাক্ষাৎকারে এ খবর দেন জঙ্গিপুর মহকুমা স্বাস্থ্য অধিকর্তা ডাঃ বায়াতুল্লা।

## হাওড়া সাবওয়েতে শ্যামাদাসীর সর্বস্ব লুঠ

মিরজাপুর, ৮ ফেব্রুয়ারী—মাদ্রাজ থেকে পশ্চিমবঙ্গের হয়ে পঞ্চদশ নিখিল ভারত আন্তঃ রাজ্য ক্রীড়া প্রতিযোগিতায় শটপাট নিক্ষেপে আট বছরের রেকরড ভেঙে বাড়ী ফেরার পথে হাওড়া সাবওয়েতে শ্যামাদাসী ঘোষের সর্বস্ব লুঠ হয় বলে জানা যায়। শ্যামাদাসী জানায় যে, যখন সে সাবওয়ে দিয়ে আসছিল, পাঁচজন দুর্বৃত্ত তখন তাকে ঘিরে ফেলে এবং স্যুটকেশ ও গলার হার কেড়ে নেয়। স্যুটকেশে ছিল ৭০০ টাকা, বেলবট্স্ ও জামা।

## কংগ্রেসের লুৎফল হক টিকিট পেলেন

নিজস্ব সংবাদদাতা : শেষ পর্যন্ত জঙ্গিপুর লোকসভায় পূর্বতন এম পি হাজী লুৎফল হক সাহেব কংগ্রেসের মনোনয়ন লাভ করলেন। আসন্ন লোকসভার নির্বাচনে তাঁকে ত্রিমুখী প্রতিদ্বন্দ্বিতার সম্মুখীন হতে হবে বলে অনুমান করা হচ্ছে। কারণ, আর এস পি এবং এস ইউ সি এই কেন্দ্রে প্রার্থী দিতে পারেন। মুর্শিদাবাদ কেন্দ্রে কংগ্রেসের টিকিট পেয়েছেন জেলা

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## সদরে সুইমিং পুল

নিজস্ব সংবাদদাতা, ৭ ফেব্রুয়ারী—বহরমপুরে সুইমিং পুল তৈরীর জন্য আনুমানিক ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে ২·৩৪ লাখ টাকা। জমা আছে মাত্র এক লাখ টাকা। কোন এক ঠিকাদারী সংস্থা ওই এক লাখ টাকাতেই সুইমিং পুলটির কাজ সম্পূর্ণ হবে বলে সম্মতি জানিয়েছেন। অতএব খুব শিগ্গির এর কাজ আরম্ভ হচ্ছে। গত ৫ ফেব্রুয়ারী এক সাংবাদিক বৈঠকে এ খবর দিয়ে মুর্শিদাবাদের জেলা শাসক এন রামজী জানান, জেলা ক্রীড়া সংস্থা গত বছর আট হাজার টাকা সংগ্রহ করায় জেলার চারটি মহকুমায় বাসকেট বল সেন্টার করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।



জীবাণু সার
এ্যাজোটোব্যাকটর
ধান চাষের
খরচ কমায় ও ফলন বাড়ায়
প্রস্তুতকারক. মাইক্রোবস ইণ্ডিয়া•৮৭, লেনিন সরণী, কলি-১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৬শে মাঘ বুধবার, সন ১৩৮৩ সাল।

## নির্বাচনী যুদ্ধের ইঙ্গিত পর্ব

সারা ভারতে তথা রাজ্যে নির্বাচনী দামামা মেরামত শুরু হইয়াছে। অচিরেই তাহাদের 'দ্রামা দ্রিমি দ্রিমি' ধ্বনি শ্রুত হইবে এবং তাহার ফলশ্রুতি নির্বাচন প্রার্থী 'সমবেতা যুযুৎসবঃ' কৌশল-অস্ত্রে এবং বাক্‌শস্ত্রে অরাতিদমন করিয়া ভোটরত্ন লাভ করতঃ লোকসভার পাত্রমিত্র হইবেন। এবারে লোকসভার নির্বাচন, রাজ্য বিধানসভার নহে। কাজেই এক উদ্দেশ্যমুখী রণাঙ্গন হইলেও যুদ্ধ ভারতব্যাপী।

সাতাত্তরের নির্বাচনী ঘোষণা যেমন আচমকা, তৎপরবর্তী কয়েকটি ঘটনাও তেমনি চমকপ্রদ হইবার দাবী রাখে। জোর কদমে প্রস্তুতি চালাইতে সর্বমহলে ব্যস্ত সমস্ত ভাব। বিরোধী দলগুলি যেন কাকজ্যোৎস্নায় প্রাভাতিক লক্ষণে হকচকাইয়াছে। জোট বাঁধাবাঁধির প্রয়াস চলিতেছে। বিয়াল্লিশ জন (এই রাজ্যের জন্য) বাঘা বাঘা যোদ্ধা বাছাই ব্যাপারটি ত সহজ নয়। অপর দিকে জনতা পার্টির যোদ্ধৃবৃন্দ (যাঁহারা একদা শাসক কংগ্রেস দল হইতে বিচ্ছিন্ন হইয়াছিলেন)—র ণ শি বি র স্থাপন করিতেছেন।

এবম্প্রকার আবহাওয়ায় প্রবীণতম কংগ্রেস-কর্মী ও কেন্দ্রায় মন্ত্রী শ্রীজগজীবন রামের কেন্দ্রীয় মন্ত্রিসভা হইতে পদত্যাগ এবং কংগ্রেস দলের প্রাথমিক সদস্যপদ ছাড়িয়া দেওয়া রাজনীতিক চিন্তা-গবেষণার এক নূতন বিষয় হইয়াছে। সঙ্গে সঙ্গে তিনি দলও গঠন করিলেন—'কংগ্রেস ফর ডেমোক্র্যাসী'। শ্রীরাম কেন মন্ত্রীত্বে ইস্তফা দিলেন, কেন কংগ্রেসের সদস্যপদ ছাড়িলেন প্রভৃতি সম্পর্কে সংবাদাদি নানাভাবে প্রকাশিত হইয়াছে। আমরা সে প্রসঙ্গে যাইতেছিনা। তবে এই পটভূমিকায় নানা জনের মনে বিস্ময়, পুলক, ক্ষোভ, নিন্দা প্রভৃতি নানা ভাবের উদয় হইয়াছে। অতঃপর অনেকেই ভাবিতেছেন যে, শ্রীরামের ধ্যানজাত অর্বাচীনতম দলটি অতি-শৈশবত্ব সত্ত্বেও নির্বাচনী-যুদ্ধের ঝুঁকি লওয়ার জন্য অগ্রজ জনতা পার্টি অনুজকে সহায়তা দান করিতে পারে এবং আর কোনও শিবিরের রণগুরুরা ঝটিতি তাহার শক্তিবৃদ্ধি করিতে পারে। অচিরেই সব প্রকাশ পাইবে। কৌশল-অস্ত্র কি কেহ ভোঁতা রাখিতে পারেন?

রাজ্যের তাবৎ বিশিষ্ট রণবীরেরা শাসক কংগ্রেস দলের মনোনয়ন পাইবার জন্য দিল্লীতে নানা দহরম-মহরম চালাইয়াছেন। কংগ্রেসের মনোনয়ন পাইবার জন্য এমন প্রাণপণ প্রয়াস নিশ্চয়ই কংগ্রেসের জনপ্রিয়তা সূচিত করিতেছে অথবা তাবৎ যাচ্ঞাকারীদের অনেকের এ ধারণাও হইতে পারে যে, টিকিট পাইলেই তাঁহারা জিতিবেন। আমাদের মহকুমায় কংগ্রেসের মনোনয়ন ঘোষিত হইয়াছে অতঃপর প্রচার সৈন্য সংগ্রহ অর্থাৎ ভোটার সংগ্রহের জন্য।

জঙ্গিপুর নির্বাচনী রণাঙ্গনের এবারে কিছুটা পরিবর্তন 'ঘটিয়াছে'। এখানকার ৪টি বিধানসভা কেন্দ্র ৫টি হইয়াছে। লোকসভা কেন্দ্র হইতে মালদহ জেলার সুজাপুর ও কালিয়াচক বিধানসভা কেন্দ্র বিচ্ছিন্ন হইয়াছে এবং লালবাগ মহকুমার নবগ্রাম ও কান্দী মহকুমার খড়গ্রাম বিধানসভা কেন্দ্র দুইটি যুক্ত হইয়াছে। ফলে দুইটি তপসিলী কেন্দ্র এবং ৫টি সাধারণ কেন্দ্র লইয়া জঙ্গিপুর লোকসভা কেন্দ্র পুনর্গঠিত হইয়াছে।

সে যাহা হউক, আগামী নির্বাচনী যুদ্ধে খ্যাত অখ্যাত কোন্ কোন্ যোদ্ধা লড়াইয়ে নামিবেন, কোন্ ফ্রন্টে কে বিজয় মাল্য পাইবেন, যুদ্ধের আসর পাতার সময় তাহার পূর্ব্বাভাষ চলে না।

## চিঠি-পত্র

(মতামত পত্রলেখকের নিজস্ব)

### বিবেকানন্দ জয়ন্তী

জঙ্গিপুর সংবাদের ৬ মাঘ এর সম্পাদকীয় নিবন্ধে বিবেকানন্দের জন্মজয়ন্তী উপলক্ষে প্রকাশিত ডাঃ গৌরীপতি চট্টোপাধ্যায়ের প্রস্তাব সম্পর্কে আমাদের সিদ্ধান্ত এই যে, আমরা ডাঃ চট্টোপাধ্যায়ের উপদেশমত আগামী বছর হ'তে ঐরূপ প্রতিযোগিতার ব্যবস্থা করব এবং সেই প্রতিযোগিতা পরিচালনার জন্য স্থানীয় বিদগ্ধ ব্যক্তিদের নিয়ে একটি সমিতি গঠন করা হবে। তাঁরাই প্রশ্ন এবং কিভাবে ঐ অনুষ্ঠান পরিচালিত হবে তার ব্যবস্থা করবেন।—প্রবোধ দাস, সম্পাদক, বিবেকানন্দ ক্লাব, রঘুনাথগঞ্জ।

## মাদ্রাসায় উত্তেজনা ১৪৪ ধারা জারি

জঙ্গিপুর, ৫ ফেব্রুয়ারী—পুলিশী সূত্রের এক খবরে প্রকাশ, গত বৃহস্পতিবার জঙ্গিপুর মুনিরিয়া হাই মাদ্রাসায় প্রধান শিক্ষকের পুনর্নিয়োগকে কেন্দ্র করে আবার উত্তেজনা দেখা দেয়। এ্যাডমিনিষ্ট্রেটরের সমর্থক ৫ জন শিক্ষক ওই দিন থেকে স্কুল বয়কট করছেন, মাদ্রাসায় থমথমে ভাব চলছে এবং ৩টি মামলা রুজু করা হয়েছে। মারপিটের কোন ঘটনা ঘটেনি, তবে উত্তেজনা প্রশমনের জন্য মহম্মদপুর, রঘুনাথপুর, রহমানপুর, ইসলামপুর, গোফুরপুর বরজ এবং ছোটকালিয়া এলাকায় ১৪৪ ধারা জারি করে পাঁচ বা ততোধিক ব্যক্তির একত্র সমাবেশ প্রভৃতি নিষিদ্ধ করা হয়েছে।

### স্মৃতিতর্পণ

বাড়ালা রামদাস সেন উচ্চ বিদ্যালয়ের প্রাক্তন সদস্য ও জেলার প্রবীণ বিপ্লবী রঘুনাথগঞ্জ থানার সিদ্ধিকালী গ্রামের বিজয়কুমার ঘোষাল তাঁর রাজনৈতিক জীবনের সহকর্মী-বন্ধু পরলোকগত বিপ্লবী দুর্গাশঙ্কর শুকুলের এবং পরলোকগত পুত্র দেবব্রত ঘোষালের স্মৃতি রক্ষার জন্য বিদ্যালয়ের পুরস্কার তহবিলে ৬০০ টাকা দান করেছেন। সেই টাকার সুদ থেকে প্রতি বৎসর উক্ত বিদ্যালয়ের শেষ পরীক্ষায় বাংলা ও বিজ্ঞানে প্রথম স্থান অধিকারী দু'জন ছাত্র বা ছাত্রীকে সাহিত্যগ্রন্থ পুরস্কার দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

### ভারত-সোভিয়েত সাংস্কৃতিক সমিতি

ধুলিয়ান, ৯ ফেব্রুয়ারী—বহরমপুরের পর সম্প্রতি ধুলিয়ানে ভারত-সোভিয়েত সাংস্কৃতিক সমিতির একটি শাখা গঠন করা হয়েছে। নির্মলেন্দু সিংহ—সভাপতি আনজা হোসেন ও সামসের খাঁ—সহ-সভাপতি, মহঃ রফিকুল ইসলাম—সম্পাদক, বদরুল আলম ও মোজাম্মেল বিশ্বাস—সহ সম্পাদক এবং গুরুপদ সাহাকে সমিতির কোষাধ্যক্ষ নির্বাচিত করা হয়েছে।

## শ্রীরামকৃষ্ণ বিবেকানন্দ উৎসব মারচের শেষে

রঘুনাথগঞ্জ, ৫ ফেব্রুয়ারী—আগামী মারচ মাসের শেষ সপ্তাহে রঘুনাথগঞ্জ-জঙ্গিপুর শহরে শ্রীরামকৃষ্ণ-বিবেকানন্দ উৎসব দু'দিনব্যাপী পালিত হবে। গতকাল জঙ্গিপুর পুরভবনে অনুষ্ঠিত উৎসব কমিটির এক সভায় সিদ্ধান্ত নেওয়া হয় যে, উৎসবের সময় তিনটি স্তরে প্রবন্ধ প্রতিযোগিতা, পূজার্চনা, শ্রদ্ধাঞ্জলি অর্পণ, জনসভা, আলোচনা সভা, ভক্তি সঙ্গীত এবং সম্ভব হলে শারীর চর্চা প্রদর্শনীর আয়োজন করা হবে। উৎসব পরিচালনার জন্য ডাঃ গৌরীপতি চট্টোপাধ্যায় ও ডঃ সচ্চিদানন্দ ধরকে সভাপতি এবং বিশ্বপতি চট্টোপাধ্যায়কে সম্পাদক মনোনীত করে একটি কার্যকরী সমিতি গঠন করা হয়েছে।

### মোরগ্রামে সার উৎসব

সাগরদিঘী: গত ৩০ জানুয়ারী ভারত-জার্মান সার প্রশিক্ষণ প্রকল্পের উদ্যোগে সাগরদীঘি ব্লকের মোরগ্রাম স্কুল প্রাঙ্গণে একটি সার উৎসবের আয়োজন করা হয়। বিডিও ভুজঙ্গভূষণ সাহা, প্রকল্পের জেলা কৃষিবিদ্ বিশ্বনাথ মিত্রসহ অন্যান্য সহকারী কৃষিবিদ্ এবং প্রায় সাড়ে চারশ' কৃষক এই উৎসবে যোগদান করেন। উৎসবে জমির মাটি পরীক্ষার ভিত্তিতে সুষম সার প্রয়োগ এবং আধুনিক চাষ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।

### 'দিশারী'র জন্মোৎসব

সম্মতিনগর, ২ ফেব্রুয়ারী—সম্মতিনগর যুব গোষ্ঠীর উদ্যোগে মাসিক সাহিত্য পত্রিকা 'দিশারী'র উদ্বোধন করেন বিশিষ্ট সাহিত্যিক সত্যেন্দ্রনাথ বড়াল। অনুষ্ঠানের অন্যতম বক্তা অচিন্ত্য সিংহ বলেন রাজনীতি ছাড়া সাহিত্য একক ভাবে চলতে পারে না। রাজনীতির আন্দোলনের কথাই তো সাহিত্যিকের লেখনী দিয়ে প্রকাশ পায়। প্রধান অতিথি ছিলেন আমজাদ হোসেন। সম্পাদকীয় ভাষণ পাঠ করেন দেওয়াল পত্রিকার সম্পাদক সমর ঘোষ।

### নজরুল স্মরণ সভা

সম্মতিনগর: সম্প্রতি এখানে রঘুনাথগঞ্জ দু'নম্বর ব্লক কবি নজরুল স্মারক সংসদের উদ্যোগে নজরুল স্মরণ সভার আয়োজন করা হয় বলে খবর।

# আগামী এক বছরে আরো একশ' বাস পারমিট মঞ্জুরের কথা ভাবা হচ্ছে

বিশেষ প্রতিনিধি, ৮ ফেব্রুয়ারী —মুর্শিদাবাদ জেলা আঞ্চলিক পরিবহণ সংস্থা জেলায় আরো ১০০টি নতুন বাস ও মিনি বাস পারমিট মঞ্জুরের সিদ্ধান্ত নিয়েছেন অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্পে। তাঁরা আশা করছেন আইনগত বাধা-বিপত্তি কাটিয়ে উঠে পরবর্তী এক বছরে প্রকল্পটি কার্যকর করা যাবে। সংস্থার সভাপতি জেলা শাসক নারায়ণ স্বামী রামজী স্বাক্ষরিত সংবাদপত্রের জন্য প্রেরিত বিবরণী থেকে এ তথ্য জানা গেছে। বিবরণীতে আরো জানানো হয়েছে যে, জেলার বিভিন্ন রুটে বর্তমানে ২১৮টি বাস এবং ১৭টি মিনি বাস চলাচল করছে। কর্তৃপক্ষ অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্পে মুর্শিদাবাদ জেলায় ৪৫টি নতুন বাস এবং ১০টি মিনি বাসের পারমিট মঞ্জুর করেছেন। তার মধ্যে ২৮টি বাস এবং ১০টি মিনি বাস এখন রাস্তায় চলাচল করছে এবং ৩২৯ জন শিক্ষিত বেকারের কর্মসংস্থান হয়েছে। চলতি আর্থিক বছর শেষ হওয়ার আগেই প্রকল্পের বাকী ১৭টি নতুন বাস চালু হয়ে গেলে আরো ১৬৫ জন শিক্ষিত বেকারের কর্মসংস্থান হবে।

বিবরণীতে বলা হয়েছে, ১৯৭৬ সালের ফেব্রুয়ারী মাস থেকে ১৪৪ ধারাবলে বাসের ছাদে যাত্রী পরিবহণ নিষিদ্ধ হবার পর থেকে কড়া নজর রাখার ফলে ছাদে যাত্রী পরিবহণ বন্ধ হয়ে গিয়েছে। অনিয়মিত বাস চলাচল বন্ধের জন্য মাসে ১০ থেকে ১৫ বার আচমকা হানা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এর ফলে গত বছর নভেম্বর ও ডিসেম্বর মাসে ৩২টি বাস, ৫টি মিনি বাস এবং ১১৪টি ট্রাককে ২৭,৭১৫ টাকা জরিমানা দিতে হয়েছে অনিয়মিত চলাচল ও অন্যান্য ত্রুটির জন্য। এ ছাড়াও ৩টি বাসের পারমিট সাময়িকভাবে সাসপেণ্ড রাখা হয়েছে। মোটর ভেহিকেল ট্যাক্স আদায়ে গত এক বছরে যথেষ্ট উন্নতি ঘটেছে। ১৯৭৫ সালের নভেম্বর ও ডিসেম্বর মাসে রোড ট্যাক্স আদায় হয়েছে ২,০৩,২১১'৬৭ টাকা এবং এম ভি ফি আদায় হয়েছে ৩১,৭৩২'৫০ টাকা। ১৯৭৬ সালের ওই দু' মাসে রোড ট্যাক্স ও এম ভি ফি আদায়ের পরিমাণ যথাক্রমে ২,৪৫,২৫৪'২৩ টাকা এবং ৪৪,৪৮৫ টাকা। মোটরযান চলাচলের মঞ্জুরির আগে ড্রাইভিং লাইসেন্স প্রভৃতির ক্ষেত্রে কর্তৃপক্ষ সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ায় সাম্প্রতিককালের মধ্যে জেলায় কোন বড় রকমের পথ দুর্ঘটনা ঘটেনি।

বিবরণীতে স্পষ্ট ভাষায় জানিয়ে দেওয়া হয়েছে যে, বিকল্প কোন বাসের ব্যবস্থা না করলে রিজারভ ভাড়া খাটার জন্য কোন বাস-মালিককে সাময়িক অনুমতি সাধারণতঃ দেওয়া হয় না। কিন্তু বাস্তবে দেখা যায়, বিকল্প কোন বাস না দিয়ে এবং আগাম বলা-কওয়া না করেই বিভিন্ন রুটের বাস মাঝে মধ্যে রিজারভ ভাড়া খাটার জন্য অদৃশ্য হয় এবং যাত্রীদের দুর্ভোগ পোহাতে হয়। ইতিপূর্বে রিজারভ ভাড়া খাটা, অনিয়মিত বাস চলাচল এবং মিনি বাসে স্বাচ্ছন্দ্যের অভাব বোধের সংবাদ জঙ্গিপুর সংবাদে প্রকাশিত হয়। পরবর্তী সময়ে কর্তৃপক্ষ উপযুক্ত ব্যবস্থা নেওয়ায় প্রথমোক্ত দুই প্রবণতা কমে এসেছে কিন্তু একেবারে বন্ধ হয়নি এবং মিনি বা[illegible] যাতায়াতে যাত্রীদের স্বাচ্ছন্দ্য এখনও ফিরে আসেনি।

**স্থান পরিবর্তন**
মণীন্দ্র সাইকেল ষ্টোর
রঘুনাথগঞ্জ ফুলতলা

**সামাজিক প্রগতি**

গত আঠারো মাসে দেশের সামাজিক ও অর্থনীতিক ক্ষেত্রে একটা শান্তিপূর্ণ বিপ্লব ঘটে গেছে !

- ১৯৭৬-এর নভেম্বর শেষ হওয়ার আগে প্রায় একাত্তর লক্ষ পরিবারকে বাস্তু জমি দেওয়া হয় ( এই ধরনের জমি পাওয়ার কথা মোট ১১৩,৬ লক্ষ পরিবারের )
- ভূমির সর্বোচ্চ সীমা নির্ধারণের কাজ সম্পন্ন করার জন্য সব কটি রাজ্য আইন প্রণয়ন করেছে
- এগারোটি রাজ্য এবং চারটি কেন্দ্রশাসিত অঞ্চল পল্লী-ঋণ মকুব করার জন্য ( ঋণ আদায়ের সময়সীমা নির্দিষ্ট করে দেওয়া সমেত ) আইনগত ব্যবস্থা নিয়েছে
- ৮৯,১৯৮ জন বেগারখাটা বাধ্যতামূলক মুচলেকা মজুরকে মুক্তি দেওয়া হয়েছে

Javp 76/833 (Benga i)
31. 1. 77

# আবেদন

রাষ্ট্রনৈতিক বিপর্য্যয়ে জর্জ্জরিত অসহায় মানুষের পাশে এক নূতন আশার বাণী ও প্রচুর সম্ভাবনা নিয়ে বর্ত্তমান সরকার যখন ১৯৭২ সালে তাদের নূতন প্রাণের সঞ্চার হয় জোয়ার জাগে বহুমুখী কর্মপ্রচেষ্টার। এই কর্মপ্রচেষ্টার সামিল হয়ে স্বাস্থ্য বিভাগেও এক আলোড়ন উঠে। জেলায় জেলায় পড়ে যায় স্বাস্থ্য বিভাগের অগ্রগতির এক বিপুল সাড়া, যাকে আন্দোলনই বলা চলে। এই নব প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে মুর্শিদাবাদ জেলাও সমান তালে এগিয়ে যাবার প্রতিশ্রুতি নিয়ে তার কর্মযজ্ঞ সুরু করে। তারই ফলশ্রুতি হিসাবে মাত্র এই পৌনে চার বছরে জেলার স্বাস্থ্য বিভাগের জনহিতকর কার্য্যের যে বিপুল পরিবর্ত্তন আসে তার জন্য আমাদের জেলার সুসন্তান জনদরদী ও সর্বজন প্রিয় নেতা মাননীয় কৃষি ও আইন মন্ত্রী জনাব আবদুস সাত্তার সাহেবের ভূমিকার কথা অবিস্মরণীয়। এই মানব হিতৈষী নেতা যিনি জেলা তথা সমগ্র রাজ্যের সবুজ বিপ্লবেরও প্রবর্তা, তিনি সুদূর গ্রামাঞ্চল থেকে সুরু করে শহর পর্য্যন্ত সর্বস্তরের মানুষের কাছে স্বাস্থ্য বিভাগের সমস্ত কর্মসূচীর সার্থক রূপায়ণের জন্য যে আবেদন রেখেছেন ও গ্রহণ করতে বলেছেন বিভিন্ন সময়ে সেটা সত্যিই প্রশংসার দাবী রাখে। এর সঙ্গে আছেন মুর্শিদাবাদ জেলার আর একজন সুসন্তান মাননীয় ক্ষুদ্র ও কুটির শিল্পের রাষ্ট্রমন্ত্রী শ্রীঅতীশচন্দ্র সিংহ মহাশয় এবং এই জেলার সমস্ত জনপ্রতিনিধি জনদরদী নেতা এবং সমাজসেবী যাদের অক্লান্ত ও নিরলস প্রচেষ্টা গ্রাম থেকে শুরু করে অঞ্চল, ব্লক, মহকুমা ও জেলাস্তরে প্রতিটি জনগণকে স্বাস্থ্য প্রকল্পের বিভিন্ন কর্মসূচীর সার্থক রূপায়ণের মাধ্যমে এই জেলাকে সবার আগে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করেছেন। এটা কিন্তু এখানেই শেষ নয়—সুদূর গ্রামাঞ্চলের প্রতিটি মানুষ স্বাস্থ্য বিষয়ক সমস্ত প্রকার সুযোগ সুবিধা পেতে পারেন তার জন্য আজও স্বাস্থ্য বিভাগের সমস্ত কর্মীরা সরকারী অফিসার ও জনদরদী নেতাদের নেতৃত্বে বিভিন্ন স্বাস্থ্য বিষয়ক পরিকল্পনার সার্থক রূপায়ণের জন্য আপ্রাণ চেষ্টা চালাচ্ছেন—নূতন নূতন স্বাস্থ্যকেন্দ্র ও উপ স্বাস্থ্যকেন্দ্র ইত্যাদি স্থাপনের মাধ্যমে সেগুলিকে বৃক্ষরাজি ও উদ্যানের মাধ্যমে জেলায় মনোরম পরিবেশে জনগণের চিকিৎসা ও স্বাচ্ছন্দ্য বোধের ব্যবস্থা আজও অব্যাহত। এই বিরাট কর্মযজ্ঞকে সাফল্যমণ্ডিত করতে কিছু কিছু ভুল-ত্রুটি হওয়া স্বাভাবিক বা হতে পারে—সর্বাঙ্গীণ সাফল্যের দিকে লক্ষ্য রেখে এই সামান্য ত্রুটি বিচ্যুতি যদি কিছুই থাকেই, তাকে সমালোচনা করে অগ্রগতির পথকে রুদ্ধ না করে গঠনমূলক নির্দ্দেশের মাধ্যমে জনগণের সেবায় কিভাবে আরও মনোনিবেশ করা যায় সে বিষয়ে সহযোগিতা ও পথ নির্দ্দেশ করলে আমরা স্বাস্থ্য বিভাগের সমস্ত কর্মী ও জনসেবক সেই গঠনমূলক সহযোগিতাকে সব সময় স্বাগত জানাব। কারণ জনপ্রতিনিধি, জনপ্রিয় নেতা, যুব নেতা, সমাজসেবী সংস্থা ও এমনকি ছাত্র সংস্থার অকুণ্ঠ সহযোগিতায় আমাদের জেলা আজ :—

১। পরিবার পরিকল্পনার সর্ব্ব বিষয়ে প্রথম হয়েছে।

২। স্বেচ্ছায় রক্তদান ব্যাপারে শুধু রাজ্যে নয়, ভারতবর্ষে মুর্শিদাবাদ জেলা অগ্রগণ্য বলে বিবেচিত হয়েছে।

৩। কুষ্ঠব্যাধি দূরীকরণের যে প্রকল্প তার সার্থক রূপায়ণে প্রথম হয়েছে।

৪। অন্যান্য জেলা যখন গুটি বসন্তের আক্রমণে জর্জরিত তখন এই জেলা থেকে এই ভয়াবহ ব্যাধি নির্মূলিকরণ সম্ভব হয়েছে।

৫। জেলায় এই প্রথম কুষ্ঠ রোগী নিরাময়ের জন্য ২০টি শয্যাবিশিষ্ট হাসপাতাল নির্মাণ কার্য্য সমাপ্ত প্রায়।

৬। ফাইলেরিয়া প্রকল্পের কাজ সাফল্যের সঙ্গে রূপায়িত হচ্ছে।

৭। এই জেলার লালবাগ মহকুমা হাসপাতাল শুধু জেলায় নয়, রাজ্যে এক বিশিষ্ট স্থান অধিকার করেছে। এই হাসপাতালের মনোরম পরিবেশ ও পরিষ্কার পরিচ্ছন্নতা আমাদের প্রিয় স্বাস্থ্যমন্ত্রীকে এমন ভাবে অভিভূত করেছিলো যে গত ২৮-১২-৭৬ তারিখে পরিকল্পনার সম্মেলন উপলক্ষে ঐ হাসপাতাল পরিদর্শনকালে হাসপাতালের সর্ব্বস্তরের কর্মচারীদের কয়েক সহস্র টাকা পুরস্কার হিসাবে প্রদান করেন।

জেলার স্বাস্থ্য বিষয়ক অগ্রগতির যে ধারাবাহিক বিবরণ প্রকাশ করা হবে তারই প্রথম পর্য্যায়ে শুধু উন্নয়ন বিষয়ে একটি তালিকা প্রকাশ করা হল।

জেলা স্বাস্থ্য বিভাগের পক্ষে :—

**ডাঃ এস্‌. এন্‌ সিংহ**

মুখ্য স্বাস্থ্য আধিকারিক

মুর্শিদাবাদ

( জেলা তথ্য ও জনসংযোগ দপ্তর হইতে প্রেরিত )

## খেলার খবর

নিজস্ব সংবাদদাতা, ৭ ফেব্রুয়ারী —গত শনিবার রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি ময়দানে জঙ্গিপুর মহকুমা আন্তঃ বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় মহকুমা স্কুল ক্রীড়া সংস্থার উদ্যোগে। মহকুমার ৪৪টি স্কুলের মধ্যে ২৫টি স্কুল এই প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে। মোট ১৩৬ জন প্রতিযোগী ৩৬টি প্রতিযোগিতায় প্রতিদ্বন্দ্বিতা করে। চ্যাম্পিয়ানের সম্মান লাভ করে মিরজাপুর দ্বিজপদ উচ্চ বিদ্যালয়। সংস্থার সম্পাদক জানান, এই প্রতিযোগিতার প্রথম ও দ্বিতীয় স্থান অধিকারীরা আগামী ১২ ফেব্রুয়ারী বহরমপুরে জেলা আন্তঃ বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবে।

গতকাল ম্যাকেনজি ময়দানে রঘুনাথগঞ্জ হাই স্কুলের এবং মঙ্গলজনে মঙ্গলজন গ্রামীণ পাঠাগার ও ক্লাবের বার্ষিক দৌড়-ঝাঁপ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

**খো খো প্রতিযোগিতা :** আগামী ১৩ ফেব্রুয়ারী মুর্শিদাবাদ জেলা খো খো এ্যাসোসিয়েশনের জেলা অফিসিয়ালস পরীক্ষা এবং মারচ মাসে এই সংস্থার পরিচালনায় আন্তঃ ক্লাব খো খো প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে বলে জানান হয়েছে।

---


### শিক্ষক আবশ্যক

জীববিজ্ঞান ও বিশুদ্ধ বিজ্ঞানের স্নাতক শিক্ষক আবশ্যক। শিক্ষণ-প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। ১৯শে ফেব্রুয়ারীর মধ্যে আবেদন করুন। সম্পাদক, পার-দেওনাপুর হাই মাদ্রাসা (প্রস্তাবিত) পোঃ দেওনাপুর, জেলা মুর্শিদাবাদ।

---

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি

**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**

পোঃ ধুলিয়ান (মুর্শিদাবাদ)

সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর

ফোন : ধুলিয়ান—২১

---

**এখন দুর্গাপুর সিমেন্ট**
**২১.৫০ পঃ মূল্যে**
**পাওয়া যাচ্ছে**

**মাঙ্গিলাল মুন্দ্রা** (ষ্টকিষ্ট)

জঙ্গিপুর ফোন—২১

সৌজন্যে : **মুন্দ্রা বস্ত্রালয়**

জঙ্গিপুর ফোন—৩৯

---

# EOMITE
## PAINTS

**A Colourful Blend Of Quality**
**&**
**Service**

PAMMEL, KINGLAC, KING Q. D.
for Painting Doors & Windows.

BLUNCEM, PLASTIC PAINT & DISTEMPER
for Walls Exterior & Interior.
They reflect your good living style.

**BLUNDELL EOMITE PAINTS LTD.**

—: Special Stockist :—

**S. K. Roy Hard Ware Stores.**

Raghunathganj : Murshidabad.
Phone No. 4


---

ELECTION COMMISSION OF INDIA

## PRESS NOTE

The electoral rolls of all constituencies in the country were revised during 1976, with reference to 1 January, 1976 as the qualifying date. The rolls were finally published in all the states and union Territories on 16 August 1976. These will be the electoral rolls for the ensuing General Elections to the House of the people.

Section 23 (1) of the representation of the people Act, 1950, provides that any duly qualified person whose name is not included in the electoral rolls of a constituency, may apply to the electoral registration officer for the inclusion of his name in that roll. Similarly section 22 provided for deletion, amendment or transposition of an entry. In either case, an application has to be made in duplicate and a fee of ten paise has to be paid. There is no time limit for making applications, however, section 23 (3) of the Act, provides that no direction for the inclusion, deletion, transposition or amendment of an entry in the electoral roll of a constituency shall be given after the last date for making nominations for an election. Rule 26 (3) of the registration of Electors rules 1960 requires that a period of seven days shall be allowed for filing objections to an application for inclusion or deletion of an entry. Only after the expiry of the aforsaid period of seven days, the electoral registration officer, if satisfied that the application is valid shall direct the inclusion of the name, or the deletion of the entry, in the electoral roll. In view of this mandatory statutory requirement, an application for the inclusion of a name or for the deletion of an entry in the electoral roll, to be made before the General election to the Lok Sabha in March, 1977 should be made to the Electoral Registration officer not later than 5 February, 1977 so that there will be an interval of not less than ten days between the lodging of the application with the electoral registration officer and the last date for making nominations for the election after which no change can be made in the electoral roll of a constituency.

The electoral rolls will be available for public inspection in the officer of the Electoral Registration officer of the constituency concerned.

New Delhi,
dated, 20 January, 1977.

Issued by the
District Information & Public Relations Office, Msd.

## নলকূপের জন্য টাকা ক্ষুধার্তের জন্য খাবার

সাগরদীঘি, ৯ ফেব্রুয়ারী—টিউবওয়েল রি-সিংকিং এর জন্য এই ব্লকে সম্প্রতি দশ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে। এ খবর দিয়ে বি ডি ও ভুজঙ্গভূষণ সাহা জানান, জঙ্গিপুর সংবাদ পত্রিকায় প্রকাশিত খবরে এখানকার অনেকগুলি টিউবওয়েল অকেজো অবস্থায় পড়ে আছে জেনে তিনি তিনটি টিউবওয়েল মেরামত করিয়ে দিয়েছেন। টাকার অভাবে বাকীগুলির মেরামতি সম্ভব হয়নি। প্রসঙ্গতঃ তিনি জানান, শিশু এবং দুর্বল মায়েদের রান্না করা পুষ্টিকর খাদ্য বিতরণ কেন্দ্র ছিল এই ব্লকের বেলডাঙ্গা, সাহাপুর ও চাঁদপাড়া গ্রামে। সম্প্রতি আরো দু'টি নতুন কেন্দ্র খোলা হয়েছে খাটোয়া ও চন্দনপাটী গ্রামে। প্রতিটি কেন্দ্র থেকে দৈনিক ২০০ জনকে রান্না করা পুষ্টিকর খাবার দেওয়া হচ্ছে।

### লুৎফল হক টিকিট পেলেন ( ১ম পৃষ্ঠার পর )

কংগ্রেস সভাপতি ডাঃ আজিজুর রহমান এবং বহরমপুর কেন্দ্রে মনোনীত হয়েছেন প্রাক্তন প্রদেশ যুব কংগ্রেস সভাপতি সুদীপ বন্দ্যোপাধ্যায়। নির্ভরযোগ্য সূত্রের এক সংবাদে প্রকাশ, মুর্শিদাবাদ জেলার তিনটি লোকসভা কেন্দ্রে আসন্ন লোকসভার নির্বাচনে সাতটি রাজনৈতিক দল প্রতিদ্বন্দ্বিতা করবেন। এঁরা হলেন সি পি আই, সি পি আই ( এম ), সংগঠন কংগ্রেস, শাসক কংগ্রেস, আর এস পি, এস ইউ সি এবং জনসংঘ। সর্বশেষ খবরে প্রকাশ, সি পি আই ( এম ) জঙ্গিপুর কেন্দ্রে শশাঙ্কশেখর সান্যালের নাম ঘোষণা করেছেন।

### লালগোলা—শিয়ালদহ লাইনে নতুন এক্সপ্রেস

( ১ম পৃষ্ঠার পর )

কৃষ্ণনগর, রাণাঘাট ও নৈহাটী ষ্টেশনে। খবরটি আজিমগঞ্জ—জিয়াগঞ্জ টাউন কংগ্রেসের সহ-সভাপতি চিত্তরঞ্জন মজুমদার ও রেলওয়ে বোরডের নথীপত্র সূত্রের। এই ট্রেণটি চালু হয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে জঙ্গিপুর থেকে কলকাতা যাত্রীদের যাতায়াতের সুবিধার জন্য ট্রেণের সময়ে জঙ্গিপুর—লালগোলা বাস চলাচলের প্রয়োজন অপরিহার্য হয়ে পড়বে। আর সেই প্রয়োজন মেটাতে জেলা আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ ও বাস মালিকের উপর যৌথ দায়িত্ব বর্তাবে বলে যাত্রীমহল অভিমত পোষণ করছেন।

একই সূত্রে পাওয়া খবরে আরো জানা গিয়েছে, আগামী ১ এপ্রিল হতে যাত্রীসাধারণের সুবিধার জন্য ৩৩১ আপ ও ৩৩২ ডাউন হাওড়া—গয়া প্যাসেঞ্জার ট্রেণটি গনকর ষ্টেশনে থামবে। চিত্তরঞ্জনবাবুর কাছে পাঠানো রেলওয়ে বোরডের এক চিঠি হতে জানা যায় যে, আজিমগঞ্জ—নলহাটী শাখা রেলপথের সাগরদীঘি ও মোরগ্রাম ষ্টেশনের মধ্যবর্তী বোখারায় ৩৪নং জাতীয় সড়কের উপর ওভার ব্রীজের যে কাজ বাকী আছে তা খুব শিগ্‌গির শুরু হবে। প্রসঙ্গতঃ উল্লেখ্য, ১৯৫৫ সালে জাতীয় সড়ক নির্মাণের কাজ সম্পূর্ণ হওয়ার পর অনুমোদিত এই ওভার ব্রীজের কাজ নানা রকম টালবাহানায় দীর্ঘদিন ধরে আটকে আছে।

পশ্চিমবঙ্গ রাজ্য লটারী
১০৪তম খেলায় আমাদের বিক্রীত টিকিটে
১২টি পুরস্কার
এর আগের খেলায় আমাদের বিক্রীত টিকিটে ৩য়, ৪র্থ, ৫ম
পুরস্কার পেলেন সাগরদীঘির কয়েকজন ভাগ্যবান
এজেন্ট :— রাজীব ষ্টোরস্
সাগরদীঘি ★ মুর্শিদাবাদ
এই ছাপ দেখে টিকিট নিন সেই সঙ্গে নিজের ভাগ্য পরীক্ষা করুন।
ভাগ্য ফিরাবার একটি রাস্তা,
একটি টিকিট, একটি টাকা।
হয়ত এবার আপনারই পালা

আর কয়লা ব্যবহারের প্রয়োজন নেই
ধোঁয়াহীন জ্বালানী আজই
ব্যবহার করুন
* এতে ধোঁয়া একেবারেই হয় না।
* আঁচও বেশ জোরালো এবং বহুক্ষণ স্থায়ী হয়।
* কয়লা ভাঙ্গার কোন ঝামেলাই থাকে না।
★ রান্নার সরঞ্জামে কালো দাগ লাগার কোন প্রশ্নই উঠে না।
* হ্যাঁ, ঘরও বেশ পরিচ্ছন্ন থাকে।
* এর ব্যবহার ঠিক কয়লার মতই সহজ।
★ রান্নার পর জ্বলন্ত অবস্থায় এগুলোকে চিমটে দিয়ে তুলে ঠাণ্ডা করে রাখলে পরদিন আবার ব্যবহার করতে পারা যায়।
প্রস্তুতকারক—মডার্ণ ব্রিকেট্ ইনডাস্ট্রিজ
মিঞাপুর
রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

জবাকুসুম
তেল মাখা কি ছেড়েই দিলি?
তা কেন, দিনের বেলা তেল মেখে ঘুরে বেড়াতে অনেক সময় অসুবিধা লাগে।
কিন্তু তেল না মেখে চুলের যত্ন নিবি কি করে?
আমি তো দিনের বেলা অসুবিধা হলে রাত্রে শুতে যাবার আগে ভাল করে জবাকুসুম মেখে চুল আঁচড়ে শুই।
জবাকুসুম মাখলে চুল তো ভাল থাকেই ঘুমও ভারী ভাল হয়।
সি. কে. সেন অ্যাণ্ড কোং
প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস,
কলিকাতা, নিউ দিল্লী


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।